

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।

তাহিরপুর উপজেলা ব্লক প্র্যান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি) ২৬-০৪-২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব পূর্ণেন্দু দেব, উপজেলা নিবাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

তারিখ : ২৬-০৪-২০১৮ খ্রি: সময় : সকাল ১১:০০ ঘণ্টা

স্থান : উপজেলা নিবাহী অফিসারের অফিস কক্ষ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা স্বাক্ষরের ক্রমানুসারে পরিশিষ্ট 'ক'তে প্রদর্শিত হলো।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমোদিতক্রমে সদস্য-সচিব এ সংক্রান্ত নীতিমালা সভায় উপস্থাপন করেন। লোকাল গভর্ন্যাস সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) এর আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরের বরাদ্দ হিসেবে প্রদেয় দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) অর্থের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের ব্যাপারে বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচনা : সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলাধীন শ্রীপুর দক্ষিণ, বড়দল দক্ষিণ, বড়দল উত্তর, বাদাঘাট, তাহিরপুর সদর ও বালিজুরী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্ব স্ব ইউনিয়নের ২০১৬-২০১৭ অর্থবছরে দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) বরাদ্দের অনুকূলে এলজিএসপি-৩ ইউনিয়ন পরিষদ গভর্ন্যাস প্রজেক্ট (ইউপিজিপি) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের তালিকাসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজাপত্র সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এলজিএসপি-৩ এর ইউনিয়ন পরিষদ অপারেশন ম্যানুয়াল (এপ্রিল ২০১৩) হতে প্রাপ্ত বরাদ্দ এলজিএসপি-২ প্রকল্পের নীতিমালা বাস্তবায়িত হবে মর্মে নির্দেশনা রয়েছে। ওয়ার্ড সভা ও ব্লক প্রার্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি) সভায় গৃহীত প্রকল্পসমূহের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে প্রাপ্ত বরাদ্দের অনুকূলে উপস্থাপিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নির্বাচন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয়ে উপস্থিত প্রকল্পসমূহ আলোচনা, পর্যালোচনা ও যাচাই-বাচাই করা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাতে নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : ০১ উপস্থিত প্রকল্পসমূহের উপর আলোচনা, পর্যালোচনা ও যাচাই-বাচাই শেষে এদসম্পর্কিত সর্বশেষ নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক নিম্ন বর্ণিত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বাস্তবায়নে : ০১। চেয়ারম্যান, (সংশ্লিষ্ট সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদসমূহে ২০১৬-২০১৭ অর্থ বছরে কর্মদক্ষতা মূল্যায়নভিত্তিক থোক বরাদ্দের অনুকূলে অনুমোদিত প্রকল্পসমূহের বিবরণ নিম্নরূপ :

ইউনিয়নের নাম	প্রকল্পের খাত	গৃহীত প্রকল্পের নাম	প্রাকলিত মূল্য	ক্ষীমের ধরণ
শ্রীপুর দক্ষিণ	(পিবিজি) দক্ষতা ভিত্তিক বরাদ্দ	১। লামাগাঁও উত্তর মাথায় রাস্তায় খাইরঞ্জ মিয়ার জমির সামনে ১টি ও আন্দুল আজিজ এর জমির সামনে ১টি ছরিতে মোট ২টি কালভার্ট নির্মাণ।	১৩৫৭৬১.০০	যোগাযোগ
		২। মাহমদপুর দরকিতার জমির পানি নিষ্কাশনের জন্য ছরিতে কালভার্ট নির্মাণ।	৬৭৮৮০.০০	যোগাযোগ
		৩। ইক্রামপুর গ্রামের সামনে মেইন রাস্তায় কালভার্ট নির্মাণ।	৬৭৮৮০.০০	যোগাযোগ
		৪। পটিবুকা গ্রামের রাহাতের বাড়ির সামনের রাস্তায় কালভার্ট নির্মাণ।	৬৭৮৮০.০০	যোগাযোগ
		মোট :	৩৩৯৪০১.০০	
বড়দল দক্ষিণ	(পিবিজি) দক্ষতা ভিত্তিক বরাদ্দ	১। বড়দল দক্ষিণ ইউপির সকল ওয়ার্ডে ৩৮০ সেট রিং স্লাব (প্রতি সেটে ৩টি রিং এবং সেটুফেন সহ ১টি স্লাব) বিতরণ।	৪৭৯৯৮০.০০	শাস্ত্র ও স্যানিটেশন
		মোট :	৪৭৯৯৮০.০০	
বড়দল উত্তর	(পিবিজি) দক্ষতা ভিত্তিক বরাদ্দ	১। গুটিলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কুকুরকন্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ব্রেঞ্চ সরবরাহ।	৩০০০০০.০০	শিক্ষা
		২। পানি নিষ্কাশনের জন্য বড়দল উত্তর ইউনিয়নের বিভিন্ন গ্রামে রিংপাইপ স্থাপন।	১৫০০০০.০০	ক্ষি
		৩। বড়দল উত্তর ইউনিয়নের বিভিন্ন গ্রামে ৬টি নলকুপ স্থাপন।	৩৩০০০০.০০	পানি সরবরাহ
		৪। অলিপুর গ্রাম হাইতে করবুলার মেইন রাস্তা পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ।	১৭৬১৯২.০০	যোগাযোগ
		মোট :	৯৫৬১৯২.০০	

বাদাঘাট	(পিবিজি) দক্ষতা ভিত্তিক বরাদ্দ	১। কোনহাট ছড়া বেরী বাঁধ হইতে সোনা গাজীর বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ প্রকল্প।	৪০০০০০.০০	যোগাযোগ
		২। ছড়া গ্রামের ইন্দগাহ মাঠ হইতে কাদিরের বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ।	৪০০০০০.০০	যোগাযোগ
		৩। সোহালা গ্রামের পাকা কৃষি সেচ নালা বর্ধিত করণ।	১২৭৩০২.০০	কৃষি উন্নয়ন
		৪। ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে পানি নিষ্কাশনের জন্য রিং পাইপ স্থাপন।	১২৫০০০.০০	কৃষি উন্নয়ন
		৫। পুরানলাউড় মাঝাহাটি নৃশংগা মেম্বারের বাড়ীর দক্ষিণের রাস্তা হইতে পুরানলাউড় পূর্বের পাকা রাস্তা পর্যন্ত মাটির রাস্তা নির্মাণ প্রকল্প।	১০০০০০.০০	যোগাযোগ
		মোট :	১১৫২৩০২.০০	
তাহিরপুর সদর	(পিবিজি) দক্ষতা ভিত্তিক বরাদ্দ	১। ভাটি তাহিরপুর আজগাজামানের বাড়ি সংলগ্ন বৌলাই নদীতে ঘাটলা নির্মাণ।	২৫৮৩৮৭.০০	অবকাঠামো উন্নয়ন
		২। মধ্য তাহিরপুর রায়পাড়া পাকা রাস্তা হতে মনধীর বাবুর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।	১৯০০০০.০০	যোগাযোগ
		৩। উজান তাহিরপুর গোছ আলীর বাড়ি হতে বৌলাই নদী পর্যন্ত পানি নিষ্কাশন ইউ ড্রেইন নির্মাণ।	১৯০০০০.০০	পরিবেশ ও পরঃ নিষ্কাশন
		মোট :	৬৩৮৩৮৭.০০	
বালিজুরী	(পিবিজি) দক্ষতা ভিত্তিক বরাদ্দ	১। পুরান বারঞ্কা নাজমুল আলমের জমি হতে পুরানবারঞ্কা গ্রামের রাস্তার (২য় অংশ) সিসি ঢালাই।	২৭২৪৮৯.০০	যোগাযোগ
		২। দক্ষিণকুল মডেল উচ্চ বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণ।	১৫০০০০.০০	শিক্ষা
		৩। আনোয়ারপুর জিমিরের বাড়ি হতে শাহজানের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই।	১৫৬০০০.০০	যোগাযোগ
		মোট :	৫৭৮৪৮৯.০০	

সিদ্ধান্ত : ০২ উল্লিখিত প্রকল্পসমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাতে প্রকল্পসমূহ বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর কর্তৃক প্রয়োজনীয় হিসাব প্রাকলন তৈরীপূর্বক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিমাণ ও গুণগতমান নিশ্চিত পূর্বে সরেজমিনে তদারকীকরণ প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদনের ভিত্তিতে বিল পরিশোধ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যানসহ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : ০৩ উল্লিখিত প্রকল্পসমূহ নির্ধারিত নীতিমালা অনুসারে বাস্তবায়ন নিশ্চিতকল্পে গৃহীত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন প্রকার অনিয়ম কিংবা দুর্নীতি কিংবা অবহেলা সংঘটিত হলে প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ যৌথভাবে দায়ী থাকবেন মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে সর্তক দৃষ্টি রাখার জন্য ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট সকল), তাহিরপুর, সুনামগঞ্জ।

সিদ্ধান্ত : ০৪ উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কোন প্রকার দৈত্যতা (ওভারল্যাপিং) যেন না হয় সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। এ বিষয়টি নিশ্চিতকল্পে গৃহীত প্রকল্পসমূহ যাচাই-বাছাইক্রমে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

- বাস্তবায়নে :
- ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর, সুনামগঞ্জ।
 - ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
 - ৩। চেয়ারম্যান, (সংশ্লিষ্ট সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সিদ্ধান্ত : ০৫ উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের পূর্বে প্রতিটি প্রকল্পের বিপরীতে প্রকল্পস্থলে প্রকল্পের নাম, প্রকল্পের খাত, কাজের পরিমাণ, প্রাকলিত মূল্য, বাস্তবায়নের মেয়াদ ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ এর নাম সম্পর্কে তথ্যাদি উল্লেখপূর্বক সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। এক্ষেত্রে সাইনবোর্ড (খোদাই করা পাথরের সাইনবোর্ডসহ) স্থাপনের ব্যয় প্রকল্প বাস্তবায়নের হিসাব প্রাকলনের সাথে সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : চেয়ারম্যান, (সংশ্লিষ্ট সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সিদ্ধান্ত : ০৬ বর্ণিত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতকল্পে ইউনিয়নসমূহে এতদসম্পর্কিত কীম সুপারাভিশন কমিটির (এসএসসি) উপর অপ্রিত দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও এসএসসি কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়। তা ছাড়া নির্ধারিত 'ছক' অনুসারে প্রয়োজনীয় তথ্যাদি সমন্বিত 'ক্ষীম বাস্তবায়ন সংক্রান্ত রেকর্ড' প্রতিটি ইউনিয়নে যথাযথভাবে সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।


বাস্তবায়নে : চেয়ারম্যান, (সংশ্লিষ্ট সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সিদ্ধান্ত : ০৭ উল্লিখিত প্রকল্পসমূহের (সিদ্ধান্ত-০১ অনুসারে) প্রযোজ্য ক্ষেত্রে হিসাব প্রাকলন-ডিজাইন প্রস্তুতকরণ, কারিগরী দিকসমূহসহ কাজের পরিমাণ ও গুণগতমান নিশ্চিতকল্পে প্রয়োজনীয় তত্ত্ববিধানসহ আবশ্যকীয় কারিগরী সহায়তা প্রদানের জন্য নিম্নোক্ত উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর, সুনামগঞ্জকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত ইউনিয়নে দায়িত্ব প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দায়িত্ব প্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর, সুনামগঞ্জকে তাঁদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চয়তা বিধানের বিহিত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।

ক্রঃ নং	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বে অধিভৃত ইউনিয়নের নাম
০১	জনাব মোঃ রেজাউল করিম, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর।	১। বড়দল উত্তর ও ২। বালিজুরী
০২	জনাব মোঃ কাজী ফজলুল হক, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর।	১। শ্রীপুর দক্ষিণ ও ২। বড়দল দক্ষিণ
০৩	জনাব মোঃ মাজিদুল হক, উপ-সহকারী প্রকৌশলী (নৱাকার), এলজিইডি, তাহিরপুর।	১। বাদাঘাট ও ২। তাহিরপুর সদর

বাস্তবায়নে : ১। উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর, সুনামগঞ্জ ও ২। সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর, সুনামগঞ্জ।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সত্ত্বাপত্তি সত্ত্বার সমাপ্তি ঘোষণা করেন।



(পূর্ণেন্দু দেব)

উপজেলা নিবাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা ব্লক গ্র্যান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি)


তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০০৩.১৭.৭৯১(৩০)


তারিখ: ২৭ এপ্রিল, ২০১৮ খ্রি।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-১, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- উপজেলা কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), তাহিরপুর, সুনামগঞ্জ।
- চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), তাহিরপুর, সুনামগঞ্জ।
- কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, তাহিরপুর উপজেলা কমান্ড, তাহিরপুর, সুনামগঞ্জ।
- জনাব (সংশ্লিষ্ট সকল), তাহিরপুর, সুনামগঞ্জ।
- অফিস নথি/মাস্টার ফাইল।


২৭.৪.১৮
উপজেলা নিবাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ।